# 104077 - যার ওপর কিছু মানতের রোযা আছে সে কি সে রোযাগুলো রমযানের রোযার সাথে রাখতে পারবে?

প্রশ্ন

আমার ওপর কিছু মানতের রোযা আছে। সে রোযাগুলো কি আমি রমযানের রোযার সাথে রাখা জায়েয হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

কোন ইবাদত বা নেক আমল করার মানত করলে সেটা পূরণ করা ওয়াজিব। যেমন— কেউ একদিন বা দুইদিন রোযা রাখার মানত করল। দলিল হচ্ছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: "যে ব্যক্তি আল্লাহ্‌র কোন আনুগত্য করার মানত করল তাকে ঐ আনুগত্য পালন করতে হবে।"[সহিহ বুখারী (৬৩১৮)]

এ মানতকে যদি বিশেষ কোন সময়ে পালন করার জন্য নির্দিষ্ট করা হয় তাহলে সে সময় মানত পালন করাই ওয়াজিব। যেমন যে ব্যক্তি মাসের প্রথম তিনদিন রোযা রাখার মানত করেছে। আর যদি কোন সময় নির্দিষ্ট করা না হয় তাহলে এমন মানতের রোযা যে কোন সময় পালন করা জায়েয। তবে রমযান মাস, ঈদুল ফিতর ও ঈদুল আযহার দুই দিন এবং তাশরিকের দিনগুলো ব্যতীত।

রমযান মাসে মানতের রোযা রাখা যাবে না; যেহেতু এ সময় ফরয রোযা রাখার সময়। সুতরাং এ সময়ে অন্য কোন রোযা পালন করা শুদ্ধ হবে না। আর দুই ঈদের দিন ও তাশরিকের দিনগুলোতে রোযা রাখার ব্যাপারে যেহেতু নিষেধাজ্ঞা এসেছে। যিয়াদ বিন জুবাইর (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: আমি ইবনে উমর (রাঃ) এর সাথে ছিলাম। এক ব্যক্তি তাকে প্রশ্ন করল। বলল যে, আমি মানত করেছি যতদিন আমি বাঁচি আমি মঙ্গলবারে কিংবা বুধবারে রোযা রাখব। এখন এ দিনটি কোরবানির ঈদের দিনে পড়েছে। ইবনে উমর বললেন: "আল্লাহ্‌ আমাদেরকে মানত পূরণ করার নির্দেশ দিয়েছেন; অন্যদিকে আমাদেরকে কোরবানির দিন রোযা রাখতে নিষেধ করা হয়েছে। লোকটি পুনরায় তাকে প্রশ্ন করল। তিনিও পুনরায় একই জবাব দিলেন। কোন কথা বাড়ালেন না।"[সহিহ বুখারী (৬২১২)]

হাফেয ইবনে হাজার বলেন: "ঈদুল ফিতর ও ঈদুল আযহার দিন নফল রোযা কিংবা মানতের রোযা রাখা যাবে না মর্মে ইজমা সংঘটিত হয়েছে।"[সমাপ্ত]

আয়েশা (রাঃ) থেকে এবং সালেম এর সূত্রে ইবনে উমর (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তারা উভয়ে বলেন: "তাশরিকের

দনিগুলোতে কাউকে রোযো রাখার ব্যাপারে ছাড় দয়ো হয়ন; শুধু যে ব্যক্ত হিাদরি পশুর ব্যবস্থা করতে পারনে সিে ব্যক্তি ব্যতীত"।[সহহি বুখারী (১৯৯৮)]

আলমেগণ এই মর্মে সাবধান করছেনে যে, রমযান মাসে অন্য কোন রোযো রাখা শুদ্ধ নয়:

ইমাম নববী তাঁর আল-মাজমু গ্রন্থে (৬/৩১৫) বলনে: "ইমাম শাফয়েি ও মাযহাবরে অন্যান্য আলমেগণ বলনে: রমযান মাস রমযানরে রোযো রাখার জন্যই নর্িদষ্িট। সুতরাং রমযান মাসে অন্য কোন রোযো রাখা সঠকি নয়। তাই কোন গৃহে অবস্থানকারী (মুকীম) ব্যক্ত কিংিবা মুসাফরি কংিবা অসুস্থ ব্যক্ত যিদি এ মাসে কাফ্ফারার রোযো, মানতরে রোযো, কাযা রোযো কংিবা নফল রোযো রাখে কংিবা সাধারণ নয়িতে রোযো রাখে তাহলে তার নয়িত শুদ্ধ হবে না এবং তার রোযোও শুদ্ধ হবে না। যে নয়িতে রোযো রখেছে সে নয়িতওে শুদ্ধ হবে না এবং রমযানরে রোযো হসিবেওে শুদ্ধ হবে না।"[সমাপ্ত]

ইবনে কুদামা (রহঃ) 'আল-মুগনি' গ্রন্থে বলনে: মুসাফরি ব্যক্ত রিমযান মাসে রমযানরে রোযো ছাড়া অন্য কোন রোযো রাখতে পারবে না; যমেন—মানতরে রোযো, কাযা রোযো। কনেনা রোযো না-রাখা জায়যে করা হয়ছেে ছাড় স্বরূপ ও সহজ করণার্থে। কউে যদি সহজীকরণ গ্রহণ করতে না চায়; তাহলে তার উপর অনবির্য মূল বধিান বাস্তবায়ন করা। তাই কউে যদি রিমযান ছাড়া অন্য কোন রোযোর নয়িত না করে তাহলে তার রোযো শুদ্ধ হবে না। না রমযানরে রোযো হসিবে; আর না যে রোযোর নয়িত করছে সে রোযো হসিবে। এটইি মাযহাবরে সঠকি অভমিত এবং এটাই অধকিাংশ আলমেরে অভমিত।"[সমাপ্ত]

তনি আিরও (১৩/৬৪৫) বলনে:

"যদি কিউে বল: আল্লাহ্র জন্য একমাস রোযো রাখা আমার ওপর আবশ্যক। এরপর সে রমযান মাসে সয়িাম সাধন দ্বারা মানতরে রোযো রাখা ও রমযানরে রোযো পালন উভয়টার নয়িত করে তাহলে সটো জায়যে হবে না। যমেনভিাবে কউে যদি দুই রাকাত নামায পড়ার মানত কর; তখন সে ফজররে নামায আদায় করার দ্বারা মানতরে নামায ও ফজররে নামায উভয়টা আদায় হয় না।[সংক্ষপেতি ও সমাপ্ত]

শাইখ বনি উছাইমীন (রহঃ) বলনে: "যে ব্যক্ত রিোযো রাখার মানত করছে; সে যদি এ মানতকে কোন শর্তরে সাথে সম্পৃক্ত করে থাকে তাহলে শর্ত পূর্ণ হওয়ার সময় থকেে তার ওপর ওয়াজবি মানত পূর্ণ করা এবং বলিম্ব না করা। এর উদাহরণ হচ্ছ: যদি আল্লাহ্ এ রাগে থকেে আমাকে আরোগ্য দান করনে তাহলে আমার ওপর তনিদনি মানত রোযো রাখা আবশ্যক। ফলে সে ব্যক্ত যিদি রিাগে মুক্ত হয় তাহলে তার ওপর আবশ্যক অবলিম্বে রোযো পালন করা এবং দরেী না করা। কনেনা আল্লাহ্ তাআলা বলনে: "তাদরে মধ্যে কছিু লাকে আছে যারা আল্লাহ্র সাথে অঙ্গীকার করে বলছেলি, 'তনি যিদি স্বীয় অনুগ্রহ থকেে আমাদরেকে দান করনে তাহলে অবশ্যই আমরা ছদকা দবে এবং অবশ্যই সৎকর্মশীলদরে অন্তর্ভুক্ত হব'। অতঃপর যখন তনি তিাদরেকে স্বীয় অনুগ্রহ থকেে দান করলনে তখন তারা তা নয়িে কার্পণ্য করল এবং (নজিদেরে অঙ্গীকার থকেে) মুখ ফরিয়িে চলে গলে।"[সূরা তাওবা, ৭৫-৭৬]

আর যে মানত কোনো শর্তের সাথে সম্পৃক্ত নয়; বরং কোনো ব্যক্তি নিজেকে রোযা রাখার প্রতি উদ্বুদ্ধ করতে গিয়ে বলল যে: 'আল্লাহ্‌র জন্য আমার ওপর তিনদিন রোযা রাখা আবশ্যক'; কোনো কারণ ছাড়া। এ ব্যক্তিরও এ আমলটি অবিলম্বে আদায় করা ওয়াজিব। তবে, প্রথম ব্যক্তির মত নয়। যদি রমযান এসে যায় কিন্তু সে তখনও মানতের রোযা রাখেনি, সেক্ষেত্রে সবাই জানেন যে, সে রমযানের রোযা রাখা শুরু করবে। রমযান শেষে হওয়ার পর মানতের রোযা রাখবে। যদি সে রমযান মাসে মানতের রোযা রাখে তাহলে তার মানতের রোযাও শুদ্ধ হবে না এবং রমযানের রোযা হিসেবেও শুদ্ধ হবে না। কোনো ব্যক্তির ওপর যদি মানতের তিনটি রোযা থাকে এবং সে রমযান মাসের তিনদিন মানতের রোযা রাখে। তার ওপর কি আবশ্যক? এ রোযা তার মানতের রোযা হিসেবেও কাজে আসবে না এবং রমযানের রোযা হিসেবেও আদায় হবে না। মানতের রোযা হিসেবে কাজে না আসার কারণ হল রমযান মাসের সময় শুধুমাত্র রমযানের রোযা রাখার মত সংকীর্ণ; তাই এ সময়ে অন্য কোনো রোযা রাখা শুদ্ধ হবে না। আর রমযানের রোযা হিসেবে আদায় না হওয়ার কারণ হল যেহেতু সে ব্যক্তি রমযানের রোযা রাখার নিয়ত করেনি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "আমলসমূহ নিয়ত অনুযায়ী বিবেচ্য হয় এবং প্রত্যেকে ব্যক্তি যা নিয়ত করেছে সেটাই তার প্রাপ্য"।[আল-লিকা আস-শাহরি (৪/৫২) থেকে সমাপ্ত]

সারকথা: রমযান মাস ফরয রোযা পালন করার জন্য খাসভাবে নির্দিষ্ট। এ মাসে অন্য কোনো রোযা রাখা জায়েয নয়; না নফল রোযা, আর না কোনো মানতের রোযা; না মুকীম ব্যক্তির জন্য, আর না মুসাফির ব্যক্তির জন্য। অনুরূপভাবে এ মাসের রোযার ক্ষেত্রে একাধিক নিয়ত একত্রিত হওয়াও জায়েয নয়। অর্থাৎ কেউ ফরয রোযা ও মানতের রোযার একসাথে নিয়ত করা। কেননা এ দুটো আলাদা দুটো অভীষ্ট ইবাদত। তাই এক নিয়তে দুটো আমল করা যাবে না।

পূর্বোক্ত আলোচনার ভিত্তিতে সাব্যস্ত হল: আপনার জন্য রমযানের রোযার সাথে মানতের রোযা পালন করা জায়েয হবে না।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।